# রাহে বেলায়াত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - বেলায়াত ও যিকর

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

ঙ. কুরআন-হাদীসের আলোকে যিকরের পরিচয় - (৭) আল্লাহর নাম জপ করার যিকর

এতক্ষণের আলোচনায় আমার দেখেছি যে, আল্লাহর সকল প্রকার স্মরণই আল্লাহর যিকর ও আল্লাহর নামের যিকর। এ কারণেই সকল ইবাদতকেই কুরআন ও সুন্নাহে আল্লাহর যিকর হিসাবে গণ্য করা হয়েছে। তবে সকল ইবাদত যিকর হলেও এ সকল ইবাদতের পৃথক পৃথক নাম আছে। এছাড়া আল্লাহর নামের গুণগান বারংবার উচ্চারণ বা ‘জপ’ করাকে বিশেষভাবে কুরআন ও সুন্নাহে “আল্লাহর যিকর” বলে আখ্যায়িত করা হয়েছে। কুরআন, হাদীস, উসূলুল ফিকহ, ফিকহ, তাসাউফ সকল ক্ষেত্রে বা এককথায় ইসলামী পরিভাষায় সাধারণভাবে ‘যিকর’, ‘আল্লাহর যিকর’, ‘আল্লাহর নামের যিকর’ ইত্যাদি বলতে এই প্রকারের যিকর বুঝানো হয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8732

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন